

প্রেস বিজ্ঞপ্তি

বিনিয়োগ সার্থী'র যাত্রা শুরু



BINIOG SATHI

আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে, বিনিয়োগ সার্থী নামে একটি নতুন প্রজন্মের ব্যাংকিং মডেলের যাত্রা আজ থেকে শুরু হল। বিনিয়োগ সার্থী ব্যাংকিং মডেল প্রচলিত ব্যাংকিং ব্যবস্থার সাথে যাকাত এবং চ্যারিটি বা সদকা ফান্ডের সংযোগ স্থাপন করে এমন একটি নতুন ব্যাংকিং মডেল সবার কাছে উপহার দিচ্ছে যার মাধ্যমে ঋণখেলাপী সমস্যার একটি স্থায়ী সমাধান সম্ভব।

পৃথিবীর যে কোন প্রান্তের যে কোন ব্যাংক, ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান কিংবা ইসলামিক ব্যাংক এই মডেল গ্রহণের মাধ্যমে উপকৃত হতে পারে। বিনিয়োগ সার্থী মডেলের বিস্তারিত জানার জন্য সকলকে এর ওয়েবসাইট ব্রাউজ করার আবেদন জানানো হচ্ছে। এর ওয়েব এড্রেস হল www.biniog-sathi.com।

ঋণখেলাপী সমস্যা শুধু বাংলাদেশের সমস্যা নয়। সারা বিশ্বের সকল দেশের ব্যাংকিং ব্যবস্থা একই সমস্যায় আক্রান্ত। ২০০৮ সালে সারা বিশ্বের অর্থনৈতিক মন্দায় প্রমাণিত হয়েছে, কোন একটি দেশের ব্যাংকিং ব্যবস্থা দুর্বল থাকলে তা জাতীয় এবং বৈশ্বিক অর্থনীতিতে কতটুকু প্রভাব ফেলতে সক্ষম।

ঋণখেলাপী সমস্যা শুধু ব্যাংকগুলোকেই বিপদে ফেলে না, এটি বিপদে ফেলে ঋণগ্রহীতাদেরকেও। ঋণখেলাপী হয়ে সর্বস্ব হারিয়েছেন, এই ধরনের নজির সর্বত্রই রয়েছে। একজন সৎ ঋণগ্রহীতা প্রতিকূল অবস্থার কারণে যদি ঋণখেলাপীতে পরিণত হন, তাহলে বর্তমান প্রচলিত ব্যাংকিং ব্যবস্থা তাকে এমন কোন সমাধান দিতে পারে না যাতে তিনি তার ঋণপ্রদানে সমর্থ হন। এটি শুধু সুদ নির্ভর ব্যাংকিং ব্যবস্থার ক্ষেত্রেই প্রযোজ্য নয়। এই সমস্যাটি ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান কিংবা ইসলামিক

ব্যাংকগুলোর ক্ষেত্রেও প্রযোজ্য। এখন পর্যন্ত এমন কোন ব্যাংকিং ব্যবস্থার উদ্ভব হয়নি, যা একজন ঋণখেলাপীর কঠিন সময়ে তার পাশে দাঁড়াতে পারে।

এই সমস্যাটিরই সমাধান করছে **বিনিয়োগ সার্থী**। **বিনিয়োগ সার্থী** এমন একটি ব্যাংকিং মডেল প্রবর্তন করছে যার মাধ্যমে একটি ব্যাংক একজন সৎ ঋণগ্রহীতার কঠিন সময়েও তার সাহায্যে এগিয়ে আসতে পারে। **বিনিয়োগ সার্থী** ব্যাংকিং মডেল ইসলামিক ব্যাংকিংয়ের মূলনীতির উপর প্রতিষ্ঠিত। অর্থাৎ, এর প্রস্তাবিত লেনদেন সুদমুক্ত। এই নতুন মডেলটির অগ্রযাত্রায় আমরা সমাজের সকলের সমর্থন প্রত্যাশী।

তারিখঃ জুন ২৯, ২০১৪

ওয়েবসাইটঃ www.biniog-sathi.com

ই-মেইলঃ info@biniog-sathi.com